রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**

**প্রবিধি অনুবিভাগ**

**প্রবিধি-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ আশ্বিন ১৪২৩ বঃ/২৫ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫-৭১**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বেসামরিক প্রশাসনের আওতাধীন প্রজাতন্ত্রের সকল সরকারি কর্মচারীর ভ্রমণ ভাতা, দৈনিক ভাতা এবং সড়ক পথে কিলোমিটার ভিত্তিক পথ ভাড়া ভাতা ইত্যাদি নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো:

১। **সরকারি কর্মচারীদের শ্রেণিবিন্যাস:**

| | |
|---|---|
| ক- শ্রেণি | মূলবেতন নির্বিশেষে ৯ম গ্রেড এবং তদূর্ধ্ব গ্রেডের সকল কর্মচারী এবং ১০ গ্রেডের সে সকল সরকারি কর্মচারী যাদের মূলবেতন ২৯০০০/- টাকা বা তদূর্ধ্ব। |
| খ- শ্রেণি | মাসিক ২৯,০০০/- টাকার কম মূলবেতন গ্রহণকারী সকল ১০ম গ্রেডের সরকারি কর্মচারী এবং ঐ সকল ১১নং থেকে ১৬নং গ্রেডের কর্মচারী যাদের মূলবেতন মাসিক ১৬০০০/- টাকা বা তদূর্ধ্ব। |
| গ- শ্রেণি | খ শ্রেণিভুক্ত ব্যতীত ১১নং গ্রেড থেকে ১৬ নং গ্রেডের অন্য সকল সরকারি কর্মচারী। |
| ঘ- শ্রেণি | ফরেস্ট গার্ড, পুলিশ কনস্টেবল (প্রধান কনস্টেবল ব্যতীত), জেল ওয়ার্ডার, পেটি অফিসার, কিশোর অপরাধী সংশোধনী প্রতিষ্ঠান (Borstal School) এর দ্বাররক্ষী এবং ১৭নং গ্রেড থেকে ২০নং গ্রেডের সকল সরকারি কর্মচারী। |



**মূল্য :** টাকা ৪.০০

২। **দৈনিক ভাতা:**

| শ্রেণি | মূলবেতন | সাধারণ হার | ব্যয় বহুল স্থান |
|---|---|---|---|
| ক- শ্রেণি | ১। ৭৮,০০০/- টাকা (নির্ধারিত) ও তদূর্ধ্ব। | ১৪০০/- টাকা | ব্যয় বহুল স্থানে অর্থাৎ ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, রংপুর, সিলেট, নারায়ণগঞ্জ ও গাজীপুর শহর এবং সাভার পৌর এলাকার জন্য সাধারণ হারের অতিরিক্ত ৩০%। |
| | ২। ৭১০০১-৭৭৯৯৯/- টাকা পর্যন্ত। | ১২২৫/- টাকা | |
| | ৩। ৫০০০১-৭১০০০/- টাকা পর্যন্ত। | ১০৫০/- টাকা | |
| | ৪। ২৯০০১-৫০০০০/- টাকা পর্যন্ত। | ৮৭৫/- টাকা | |
| | ৫। ২২০০০-২৯০০০/- টাকা পর্যন্ত। | ৭০০/- টাকা | |
| খ- শ্রেণি | ১। ২৯০০০/- টাকার কম মূলবেতন গ্রহণকরী ১০ম গ্রেডের সকল কর্মচারী। | ৪৯০/- টাকা | |
| | ২। ১৬০০০/- টাকা বা তদূর্ধ্ব মূলবেতন গ্রহণকরী ১১ থেকে ১৬নং গ্রেডের সকল কর্মচারী। | ৪২০/- টাকা | |
| গ- শ্রেণি | খ শ্রেণি ব্যতীত সকল ১১ থেখে ১৬ নং গ্রেডের কর্মচারী। | ৩৫০/- টাকা | |
| ঘ- শ্রেণি | ১৭ থেকে ২০নং গ্রেডের সকল কর্মচারী। | ৩০০/- টাকা | |

৩। **পথ ভাড়া ভাতা (Mileage Allowance)** :

ভ্রমণের দূরত্ব নির্বিশেষে সড়ক পথে ভ্রমণের জন্য নিম্নোক্ত হার প্রযোজ্য হবে:

| ক্রঃ নং | শ্রেণি | টাকা/কিলোমিটার |
|---|---|---|
| ১ | ক- শ্রেণি | ৩.৭৫ |
| ২ | খ- শ্রেণি | ৩.০০ |
| ৩ | গ- শ্রেণি | ২.২৫ |
| ৪ | ঘ- শ্রেণি | ১.৫০ |

৪। **পথ ভাড়া ভাতা (Mileage Allowance) নির্ণয়ের জন্য শ্রেণি প্রাপ্যতা:**

| ক্রঃ নং | ভ্রমণের ধরন | শ্রেণি | প্রাপ্যতা | পথ ভাড়ার ভাতার হার |
|---|---|---|---|---|
| (১) | রেলপথ ভ্রমণ | ক-শ্রেণিভুক্ত টাকা ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড) এবং তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মচারী। | শীতাতপ নিয়ন্ত্রিত প্রথম শ্রেণি। শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণি না থাকলে প্রথম শ্রেণি। | ১। বদলি ব্যতীত শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণিতে ভ্রমণের জন্য পথভাড়া উক্ত শ্রেণির ভাড়ার দেড় গুণ হবে। |

| ক্রঃ নং | ভ্রমণের ধরন | শ্রেণি | প্রাপ্যতা | পথ ভাড়ার ভাতার হার |
|---|---|---|---|---|
| | | | | ২। বদলি এবং শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণির ভ্রমণ ব্যতীত সকল শ্রেণির সরকারি কর্মচারীগণ যে শ্রেণিতে ভ্রমণের অধিকারী সে শ্রেণিতে ভ্রমণ করলে পথ ভাড়া উক্ত শ্রেণির ভাড়ার ১.৮ গুণ হবে। |
| | | ক-শ্রেণিভুক্ত অন্যান্য কর্মচারী। | প্রথম শ্রেণি। | |
| | | খ- শ্রেণির সকল সরকারি কর্মচারী। | দ্বিতীয়/শোভন/ সুলভ শ্রেণি। | |
| | | গ-শ্রেণির সকল সরকারি কর্মচারী- ট্রেনে দু'টি শ্রেণি থাকলে নিম্নতম শ্রেণি। তিনটি শ্রেণি থাকলে, যাদের মূল বেতন মাসিক ১০২০০/ টাকা এবং তদূর্ধ্ব তারা মধ্যম (Middle) শ্রেণি এবং যাদের মূলবেতন মাসিক ১০২০০/- টাকার কম তারা নিম্নতম শ্রেণি। | মধ্যম/নিম্নতম শ্রেণি | |
| | | ঘ-শ্রেণির সকল সরকারি কর্মচারী। | নিম্নতম শ্রেণি | |
| (২) | সমুদ্র বা নদী পথে স্টীমার/ জাহাজ/লঞ্চে ভ্রমণ। | ক-শ্রেণিভুক্ত টাকা ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড) এবং তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মচারী। | শীতাতপ নিয়ন্ত্রিত প্রথম শ্রেণি। শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণি না থাকলে প্রথম শ্রেণি | |
| | | ক-শ্রেণিভুক্ত অন্যান্য কর্মচারী। | প্রথম শ্রেণি। | |
| | | খ- শ্রেণির সকল সরকারি কর্মচারী। | দ্বিতীয়/শোভন/ সুলভ শ্রেণি। | |
| | | গ-শ্রেণির সকল সরকারি কর্মচারী- দু'টি শ্রেণি থাকলে নিম্নতম শ্রেণি। তিনটি শ্রেণি থাকলে মধ্যম (Middle) শ্রেণি। চারটি শ্রেণি থাকলে নিম্নতম শ্রেণির অব্যবহিত উচ্চতর শ্রেণি। | মধ্যম/নিম্নতম/ অব্যবহিত উচ্চতর শ্রেণি। | |
| (৩) | বাসে ভ্রমণ | ৯ম গ্রেড এবং তদূর্ধ্ব গেডের কর্মচারী। | শীতাতপ নিয়ন্ত্রিত আসন। | বাসে ভ্রমণের জন্য পথ ভাড়া উক্ত শ্রেণির ভাড়ার দ্বিগুণ হবে। |
| | | অন্যান্য সকল সরকারি কর্মচারী। | শীতাতপ নিয়ন্ত্রণ বিহীন আসন | |
| (৪) | বিমানে ভ্রমণ (বাংলাদেশের অভ্যন্তরে)। | ১.ক-শ্রেণিভুক্ত টাকা ৪৩০০০ -৬৯৮৫০/- (৫ম গ্রেড) এবং তদূর্ধ্ব গ্রেডের কর্মচারী।<br>২. ব্যক্তিগত কর্মচারীগণ (রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং মন্ত্রীগণের সফর সঙ্গী হিসেবে)। | Economy Class | ১। অভ্যন্তরীণ রুটে বিমানে ভ্রমণের ক্ষেত্রে আনুষঙ্গিক খরচ বাবদ বিমান ভাড়ার ২০%প্রাপ্য হবেন। তাছাড়া, আগমনের দিন অর্ধ হারে এবং পরবর্তী দিন প্রস্থানের জন্য অর্থ হারে দৈনিক ভাতা প্রাপ্য হবেন। |

| ক্রঃ নং | ভ্রমণের ধরণ | শ্রেণি | প্রাপ্যতা | পথ ভাড়ার ভাতার হার |
|---|---|---|---|---|
| | | ৩. বিশেষ ক্ষেত্রে অন্যান্য কর্মচারীগণকেও বিমানে ভ্রমণের অনুমতি প্রদান করা যেতে পারে। তবে, এরূপ প্রত্যেকটি ভ্রমণের ক্ষেত্রে, ন্যূনপক্ষে মন্ত্রণালয়/বিভাগের সচিব এর অনুমোদন গ্রহণ করতে হবে এবং এর অনুলিপি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | Economy Class | ২। বিমান টিকিটের ক্ষেত্রে বিমান বন্দরে পরিশোধিত যাবতীয় ট্যাক্স/ফিস প্রাপ্য হবেন।<br>৩। বিমানে ভ্রমণের ক্ষেত্রে প্রাধিকার বলতে ৫ম গ্রেডে Substantive পদধারী ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মচারীকে বুঝাবে। |

৫। **বদলিজনিত ভ্রমণ ভাতা:**

(ক) বদলিজনিত ভ্রমণের ক্ষেত্রে সরকারি কর্মচারীগণ নিম্নবর্ণিত সুবিধা প্রাপ্য হবেন:

| ক্রঃ নং | ভ্রমণের ধরন | প্রাপ্যতা |
|---|---|---|
| (১) | ট্রেন/স্টীমার/লঞ্চ/ জাহাজে ভ্রমণ | (১) নিজের জন্য প্রাপ্য শ্রেণির তিনটি ভাড়া।<br>(২) পরিবারের প্রত্যেক সহগামী সদস্যের জন্য একটি পূর্ণ ভাড়া (স্ত্রীসহ সর্বোচ্চ তিনজন)। |
| (২) | সড়ক পথে ভ্রমণ | (১) নিজের জন্য প্রাপ্য শ্রেণির দু'টি ভাড়া।<br>(২) পরিবারের প্রত্যেক সহগামী সদস্যের জন্য একটি পূর্ণ ভাড়া (স্ত্রীসহ সর্বোচ্চ তিনজন)। |
| (৩) | বিমানে ভ্রমণ | (১) নিজের জন্য প্রাধিকার অনুযায়ী একটি ভাড়া। |

(খ) সরকারি কর্মচারীগণের বদলির সময়ে পরিবহনের জন্য নিজস্ব মালামালের (Personal effect) পরিমাণ এবং প্যাকিং চার্জের প্রাপ্যতা নিম্নরূপ:

| শ্রেণি | একাকী ভ্রমণের ক্ষেত্রে (কিলোগ্রাম) | সপরিবার ভ্রমণের ক্ষেত্রে (কিলোগ্রাম) | প্যাকিং চার্জ হার (টাকায়) |
|---|---|---|---|
| ক-শ্রেণি | ১৫০০ | ২৩০০ | ২২৫০/- |
| খ-শ্রেণি | ৮০০ | ১২০০ | ১৫০০/- |
| গ-শ্রেণি | ৫০০ | ৭০০ | ৭৫০/- |
| ঘ-শ্রেণি | ২০০ | ৩০০ | ৪০০/- |

৬। সরকারি কর্মচারীগণ বদলিজনিত মালামাল পরিবহনের ক্ষেত্রে ব্যক্তিগত মালামাল ১ কিলোমিটার পরিবহনের জন্য প্রতি ১০০ কেজির ভাড়া বাবদ ২.০০ টাকা প্রাপ্য হবেন।

৭। গ্রেড বলতে টাইমস্কেল/সিলেকশন গ্রেডস্কেল প্রাপ্তিজনিত স্কেল/গ্রেড নয়, সংশ্লিষ্ট পদের জন্য প্রযোজ্য Substantive গ্রেড বুঝাবে।

৮। এ প্রজ্ঞাপন জারির পরিপ্রেক্ষিতে ইতঃপূর্বে জারীকৃত এতদ্সংক্রান্ত অন্যান্য আদেশসমূহ অনুরূপভাবে পরিবর্তিত/সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

৯। জনস্বার্থে জারীকৃত এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু তাহের**
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd